

Access to Information (a2i) Programme

Prime Minister's Office



জরুরী সেবা
Service @ Doorsteps

স্মারক নং-০৩.৮০৬.০০২.০০.০০.০২৬.২০১৭- ২৬১১

তারিখ: ১১ আগস্ট ১৪২৪
২৬ সেপ্টেম্বর ২০১৭

বিষয়: ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিয়ে কোর্সে ই-মিউটেশনবিষয়ক মডিউল অন্তর্ভুক্তকরণ।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প- ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে ই-সেবা কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণে কাজ করে যাচ্ছে। তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ভূমি-সেবায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ, কর্মদক্ষতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম ভূমি মন্ত্রণালয়ের সহযোগিতায় ইতোমধ্যে আর এস খতিয়ান সিস্টেম (RS-K) ও ই-নামজারি (e-mutation) সিস্টেম তৈরি করেছে যা বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ ভূমি সেবাসংশ্লিষ্ট সকল দপ্তরের সহযোগিতায় ভূমি তথ্য ও সেবা কাঠামো (land.gov.bd) জারি করেছে যাতে উল্লিখিত সেবাসহ অন্যান্য ভূমিসেবা পর্যায়ক্রমে সন্নিবেশিত হবে।

২। ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের যৌথ উদ্যোগে তৈরি ই-মিউটেশন সিস্টেম বর্তমানে ১১২ টি উপজেলায় বাস্তবায়নাধীন রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদ মহোদয়ের নির্দেশনায় ভূমি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ভূমি সংস্কার বোর্ড ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম ২০১৮ সালের জুন মাসের মধ্যে সারাদেশে সিস্টেমটি বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করেছে।

৩। উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসের কর্মচারীগণ ই-মিউটেশন সিস্টেমের মাধ্যমে সহজে, দ্রুততম সময়ে ও নির্ভুলভাবে অনলাইন নামজারি কার্যক্রম (অনলাইনে আবেদন গ্রহণ, ট্র্যাকিং ও প্রসেসিং, অনলাইন পেমেন্ট, স্বয়ংক্রিয় অর্ডারশিপ্ট/নোটিফিকেশন/ খতিয়ান প্রস্তুত, ডিসিআর প্রদান ও স্বয়ংক্রিয় রেজিস্টার প্রস্তুত) সম্পর্ক করতে পারেন। সেবাপ্রত্যাশী নাগরিকগণ ঘরে বসে কিংবা যেকোনো ডিজিটাল সেন্টার থেকে নামজারির আবেদন জমা দেয়ার পাশাপাশি আবেদনের সর্বশেষ অবস্থা জানতে পারেন। এছাড়া এই সিস্টেমের মাধ্যমে ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, ভূমি আপীল বোর্ড ও বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণ নামজারি কার্যক্রম মনিটরিং করার পাশাপাশি বহুমাত্রিক প্রতিবেদন প্রস্তুত করতে পারেন।

৪। সহকারী কমিশনার (ভূমি)গণ উপজেলা পর্যায়ে ই-মিউটেশন সিস্টেম বাস্তবায়নে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বিসিএস (প্রশাসন) ক্যাডারের নব নিযুক্ত সহকারী কমিশনার (ভূমি)গণ ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করে থাকেন বিধায় ই-মিউটেশন সিস্টেমের বিষয়ে উক্ত কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হলে ই-মিউটেশন বাস্তবায়নে নিঃসন্দেহে গতি সঞ্চারিত হবে।

৫। এমতাবস্থায়, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিয়ে কোর্সে ই-মিউটেশনবিষয়ক মডিউল অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিনোদ অনুরোধ করা হলো।

সংলগ্নী: ই-মিউটেশন সিস্টেমের সম্ভাব্য কারিকুলাম।

(কবির বিন আনোয়ার)

মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও
প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম

৫৫০২৯৫০

সচিব

ভূমি মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: সদয় জাতার্থে ও কার্যার্থে-

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।